

**বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ডিসেম্বর
মাসের বেতন প্রসঙ্গে**

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত সকল শিক্ষক কর্মচারী তাঁদের বেতনের ৮০% সরকার থেকে পেয়ে থাকেন। এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে যে, বেতনের প্রতিষ্ঠান প্রদেয় ২০% শিক্ষক কর্মচারী অনেক মাস যাবত পাচ্ছেন না। তাই শুধু সরকারী অংশের উপর নির্ভর করে তাঁদের সংসার জীবন পরিচালনা করতে হয়। গত নভেম্বর মাসের বেতনের সরকারী অংশ সকল শিক্ষক কর্মচারী ডিসেম্বর মাসের ২০ তারিখের মধ্যে ওঠাতে পারবেন। আগামী সহস্রাব্দের ৮ বা ৯ জানুয়ারী মুসলমানদের ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হবে। তাই মুসলমান শিক্ষক কর্মচারীর কথা বিবেচনা করে তাদের পরিবার-পরিজন নিয়ে ঈদের আনন্দ উপভোগের জন্য ডিসেম্বর মাসের বেতনের সরকারী অংশ যাতে আগামী ৬ জানুয়ারীর মধ্যে সকল শিক্ষক-কর্মচারী ওঠাতে পারেন এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় শিক্ষা ও অর্থমন্ত্রীর নিকট আকুল আবেদন জানাচ্ছি।

-মোঃ নিজাম উদ্দিন,
প্রভাষক কৃষি শিক্ষক,
ফেনী সাউথ-ইস্ট কলেজ,
ফাজিলপুর, ফেনী।